দৈনিক বাংলা

তারিখ ... ২৩.৬.৮৬ ...
পৃষ্ঠা... ৪ কলাম 1 ...

# ১১০টি উপজেলায় ছাত্র কর্মীদলের এগারশ' সদস্য

(স্টাফ রিপোর্টার)

গ্রীষ্মকালীন ছাত্র কর্মীদলের এগারো শ সদস্য গতকাল দেশের এক শ দশটি উপজেলায় রওনা হয়ে গেছেন। প্রথমে এদের সংখ্যা ছিল এক হাজার। প্রেসিডেন্টের নির্দেশে এদের সংখ্যা এক শ বাড়ানো হয়।

বিশ্ববিদ্যালয় ও কলেজের ছাত্ররা এই কর্মীদলের সদস্য। এরা বিভিন্ন উপজেলায় গণসাক্ষরতা ও জন্ম নিয়ন্ত্রণ সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধ করবেন এবং উন্নয়নমূলক কাজে অংশ নেবেন। প্রেসিডেন্ট এরশাদ সোমবার শিল্পকলা একাডেমীতে এই কর্মসূচীর উদ্বোধন করেন।

ছাত্র কর্মীদলের সদস্যদের প্রত্যেককে একটি করে ব্যাগ এবং ক্যাপ দেয়া হয়েছে। তাদের একটি করে ছাতাও দেয়া হবে। এই কর্মসূচীর পৃষ্ঠপোষকতা করছে শিক্ষা মন্ত্রণালয়।

আগামী ২২শে জুন চ্যান্সেলরের উপদেষ্টা ও জাতীয় ছাত্র পরিষদের সমন্বয়কারী জনাব জিয়াউদ্দিন বাবলু ও পরিষদের সংগঠকবৃন্দ বিভিন্ন উপজেলায় গিয়ে ছাত্র কর্মীদলের কাজ সরেজমিনে তদারক করবেন।